# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হাদীসের বক্তব্য “তারা দুইজনেই কাছাকাছি বয়সের ছিলেন” এটি আবূ কিলাবা রহিমাহুল্লাহর বক্তব্য, যা খালিদ আত তাহ্হান হাদীসে ঢুকিয়ে দিয়েছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ: ((وَكَانَا مُتَقَارِبَيْنِ)) إِنَّمَا هُوَ كَلَامُ أَبِي قِلَابَةَ أَدْرَجَهُ خَالِدٌ الطَّحَّانُ في الخبر

---

আরবী

2126 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ بْنُ مُسَرْهَدٍ عَنْ إِسْمَاعِيلَ بْنِ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا خَالِدٌ الْحَذَّاءُ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ مَالِكِ بْنِ الْحُوَيْرِثِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُ وَلِصَاحِبٍ لَهُ: (إِذَا حَضَرَتِ الصَّلَاةُ فَأَذِّنَا ثُمَّ أَقِيمَا ثُمَّ لْيَؤُمَّكُمَا أَكْبَرُكُمَا) قَالَ خَالِدٌ: فَقُلْتُ لِأَبِي قِلَابَةَ: فأين القراءة؟ قال: إنهما كانا متقاربين.؟

الراوي : مَالِك بْنِ الْحُوَيْرِثِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2126 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (604): ق , وقولُ أبي قلابة مرسلٌ.

বাংলা

২১২৬. মালিক বিন হুরাইরিস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আর যখন সালাতের সময় হবে, তখন তোমরা আযান দিবে তারপর ইকামত দিবে আর তোমাদের মাঝে বয়সে প্রবীণ ব্যক্তি যেন সালাত আদায় করেন।”[1]

অধঃস্তর রাবী খালিদ রহিমাহুল্লাহ বলেন, “অতঃপর আমি আবূ কিলাবাহ রহিমাহুল্লাহকে বললাম, তাহলে কিরাআতের ব্যাপারটি কোথায় গেলো?” জবাবে তিনি বলেন, “এক্ষেত্রে তারা কাছাকাছি ছিলেন।”

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬০০৮; আদাবুল মুফরাদ: ২১৩; সুনান আবূ দাঊদ: ৫৮৯; সুনান বাইহাকী: ৩/১২০; মুসনাদ আহমাদ: ৩/৪৩৬; সহীহ মুসলিম: ৬৭৪; নাসাঈ: ২/৯; তাবারানী: ১৯/৬৪০; দারাকুতনী: ১/২৭২-২৭৩; দারেমী: ১/২৮৬; আবূ আওয়ানা: ১/৩৩১; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১২৯; তাহাবী, মুশকিলুল আসার: ২/২৯৬; ইবনু মাজাহ: ৯৭৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৩১; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আবূ কিলাবার বক্তব্যটি মুরসাল।" (ইরওয়াউল গালীল: ২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মালিক ইবনু হুয়াইরিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91444

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন